

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৫০৬০
আগরতলা, ৪ মার্চ, ২০২৪

**৫৩তম জাতীয় সুরক্ষা দিবস
বোধজংনগর শিল্পনগরীতে আলোচনাচক্র**

৫৩তম জাতীয় সুরক্ষা দিবস ও জাতীয় সুরক্ষা সপ্তাহ উদযাপন উপলক্ষে আজ বোধজংনর শিল্পনগরীতে এক আলোচনাচক্র অনুষ্ঠিত হয়। কলকারখানায় কর্মরত শ্রমিকদের সুরক্ষা ও স্বাস্থ্য নিয়ে ফ্যাক্টরিজ এন্ড বয়লার্স অর্গানাইজেশনের উদ্যোগে এই আলোচনাচক্রের আয়োজন করা হয়। আলোচনাচক্রের সাফল্য কামনা করে বিধায়ক রতন চক্রবর্তী এক শুভেচ্ছাবার্তায় বলেন, শিল্পক্ষেত্রে অব্যাহত দুর্ঘটনা এড়াতে সংশ্লিষ্ট সকলকে সচেতন হতে হবে। শিল্পনগরীর ব্যঙ্গুপার্কে নর্থইস্ট ভিনারস প্লাইউড এল এল পি কারখানা প্রাঙ্গণে এই আলোচনাচক্রের উদ্বোধন করেন ফ্যাক্টরিজ এন্ড বয়লার্স অর্গানাইজেশনের মুখ্য পরিদর্শক সূর্য্য পাল মজুমদার। আলোচনাচক্রের উদ্বোধন করে তিনি বলেন, আজ সারা দেশের সাথে রাজ্যেও জাতীয় সুরক্ষা দিবস ও জাতীয় সুরক্ষা সপ্তাহ উদযাপন করা হচ্ছে। এই আলোচনাচক্রের প্রধান লক্ষ্য কলকারখানায় কর্মরত শ্রমিকদের স্বাস্থ্য সুরক্ষার বিষয়গুলি নিয়ে পর্যালোচনা করা ও শ্রমিকদের অবহিত করা। শ্রমিক সুরক্ষা বিধি মেনে চলার উপর তিনি গুরুত্ব আরোপ করেন। আলোচনাচক্রে অন্যান্যদের মধ্যে বক্তব্য রাখেন শিল্প ও বাণিজ্য দপ্তরের জিএম রাজেশ দেববর্মা, মোথা ইন্ডাস্ট্রিজের ডিজিএম সুজিত চক্রবর্তী, সহকারি পরিদর্শক নিতাই সেন, ফ্যাক্টরিজ এন্ড বয়লার্সের ইনভেস্টিগেটরস দিলীপ কুমার ভৌমিক প্রমুখ। তাছাড়া আলোচনাচক্রে শ্রমিক সুরক্ষা ও অধিকার নিয়ে আলোচনা করেন পশ্চিম ত্রিপুরা জেলার শ্রম পরিদর্শক প্রবীর দাস ও পিঙ্কি পাল। আলোচনাচক্রে সভাপতিত্ব করেন নর্থইস্ট ভিনারস প্লাইউড এল এল পি'র অধিকর্তা গৌতম বোরা। আলোচনাচক্রে বোধজংনর শিল্পনগরীর শ্রমিকদের মধ্যে সেরা হাউজকিপিং ও শ্রমিক সুরক্ষার বিভিন্ন বিষয় নিয়ে পোষ্টার তৈরী প্রতিযোগিতায় বিজয়ীদের পুরস্কৃত করা হয়। আলোচনাচক্রে বিভিন্ন কলকারখানার ২৪০ জন শ্রমিক অংশ নেন।
